মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় আহত ২

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের দরবেশপুরে লাটা হাম্বা উল্টে দুই জন আহত হয়েছে। আজ সোমবার দুপুরে মেহেরপুরের দরবেশপুরে এ দুর্ঘটনা ঘটে।

আহতরা হলেন মেহেরপুর সদর উপজেলার মোমিনপুর গ্রামের আজিজুল ইসলামের ছেলে রানা এবং গাংনী উপজেলার দীঘলকান্দি গ্রামের বাসিন্দা শামীম।

এসময় স্থানীয়রা তাদের উদ্ধার করে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে পাঠান।

স্থানীয়রা জানায়, চুয়াডাঙ্গার দিক থেকে দ্রুত গতিতে মেহেরপুরে আসছিলো দুটো লাটা হাম্বার। সে সময় এটি লাটা হাম্বারের চালক নিয়ন্ত্রণ হারিয়ে পুরাতন দরবেশপুর যাত্রী ছাউনির সামনে ছিটকে পড়ে যায়। এ সময় লাটা হাম্বারে থাকা দুই জন ব্যাক্তি আহত হয়। আমরা তাদেরকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসার জন্য পাঠায়।

চুয়াডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় জজ কোর্টের আইনজীবী মুনজুর হোসেন নিহত

চুয়াডাঙ্গায় ইজিবাইকের ধাক্কায় চুয়াডাঙ্গা জজ কোটের জ্যেষ্ঠ আইনজীবী অ্যাডভোকেট মুনজুর হোসেন মজনু (৫৮) নিহত হয়েছেন। বৃহস্পতিবার ভোরে চুয়াডাঙ্গা শহরতলী আলোকদিয়া ইউনিয়নের দৌলতদিয়াড় গ্রামে এ দুর্ঘটনা ঘটে।

ইজিবাইক ধাক্কায় মৃত্যু খবর চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহাব্বুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

নিহত অ্যাডভোকেট মনজুর হোসেন মনজু চুয়াডাঙ্গা আলুকদিয়া ইউনিয়নের দৌলতদিয়াড় গ্রামের মৃত মাহাতাব উদ্দিন এর ছেলে।নিহতের পরিবারের সদস্যরা জানান, ভোরে নামাজ পড়ার উদ্দেশ্যে নিজ বাড়ি থেকে বের হন। রাস্তা দিয়ে হাঁটার সময় দ্রুতগতির একটি ইজিবাইক তাকে পেছন থেকে ধাক্কা দেয়। এতে তিনি রাস্তার ওপর পড়ে যান। এরপর ওই ইজিবাইক তার মাথার ওপর দিয়ে চলে যায়। এতে তিনি মাথায় গুরুতর আঘাতপ্রাপ্ত হন।

স্থানীয়রা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য রাজশাহী নেওয়ার পরামর্শ দেন। রাজশাহী নেয়ার পথে তিনি মারা যান।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহাব্বুর রহমান জানান, কোনো অভিযোগ না থাকায় মরদেহ হস্তান্তর করা হয়েছে। এ বিষয়ে পরবর্তী আইনি কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে

চুয়াডাঙ্গাতে সড়ক দুর্ঘটনায় মোটরসাইকেল আরোহী নিহত: আহত-১

চুয়াডাঙ্গা সদর উপজেলা ডিঙ্গেদহ বাজার সংলগ্নে সবজি বোঝায় পিকআপ ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে মোটরসাইকেল আরোহী সরোজগঞ্জ বুড় পাড়ার গোলাম রসুলের ছেলে আশরাফুল ইসলাম (৩৫) নিহত হয়েছে।

আজ সন্ধ্যা নাগাদ ৭ টার দিকে চুয়াডাঙ্গা ডিঙ্গেদহ বাজার সংলগ্ন মসজিদের সামনে মহাসড়কে এই দুর্ঘটনা ঘটে। এই ঘটনায় একজন আহত হয়েছেন মোটরসাইকেল চালক ঝিনাইদহ এনায়েতপুর করিম মন্ডলের ছেলে রাসেল (২৩)।

চুয়াডাঙ্গা সদর হাসপাতাল সুত্রে জানা গেছে, আহত ও নিহত দুজন ইলেক্টিশিয়ান মিস্ত্রি। সরোজগঞ্জ ছয়মাইল থেকে নিহত ও আহত দুজন বিদুৎতের কাজ শেষ করে বিদুৎতের কাজের মই নিয়ে চুয়াডাঙ্গা

সরোজগঞ্জ চারমাইলের দিকে আসছিল। এসময় চুয়াডাঙ্গা থেকে সরোজগঞ্জের দিকে যাচ্ছিল সবজি বোঝায় পিকআপ। এসময় পিকআপের মুখোমুখি বিদুৎতের কাজের মই আটকে গিয়ে সংঘর্ষ হয় মোটরসাইকেলের সাথে। মোটরসাইকেলে থাকা চালকের পিছনের আরোহী আশরাফুল রাস্তায় ছিটকে পড়ে যেয়ে মারা যায়। আর মোটরসাইকেল চালক রাসেল গুরুত্বর ভাবে আঘাত পায়।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান জানান, ঘটনা স্থল থেকে পিকআপ চালক পালিয়ে যায়। সবজি বোঝায় পিকআপটি আটক করা হয়েছে বলে জানা গেছে। আর এই ঘটনায় নিহত পরিবারের কোন অভিযোগ নেই। তাই ময়না তদন্ত হবে না বলে জানা গেছে। পরিবার দাবি করে বলছে এই ঘটনায় মোটরসাইকেল চালক ও আরোহি অসতর্ক ছিল। তাই ঘটনা ঘটেছে।

চুয়াডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় স্কুল ছাত্র রেজাউল নিহত; আহত-৫

চুয়াডাঙ্গা সদর উপজেলার চারমাইল বাজারে সড়ক দুর্ঘটনায় পাঁচজন আহত সহ নিহত হয়েছে আরও এক জন।

আজ রবিবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা চার মাইল বাজারে এই সড়ক দুর্ঘটনায় ঘটে। দুর্ঘটনায় নিহত হয়েছে পার্শ্ববর্তী এলাকার সোহরাওয়ার্দী স্মরণী বিদ্যাপীঠের নবম শ্রেণির ছাত্র রেজাউল ইসলাম (১৫) পিতা- মোঃ রনি আহমেদ সাং- হোগলডাঙ্গা থানা- চুয়াডাঙ্গা সদর। দুই ছেলের মধ্যে দুর্ঘটনায় নিহত বড় ছেলে রেজাউল ইসলাম।নিহত রেজাউল ইসলাম প্রতিদিনের ন্যায় স্কুল থেকে বাসার উদ্দেশ্য যাচ্ছিলো কিন্তু পথের মধ্যে ঘাতক ট্রাক তাকে চাঁপা দেন। ঘটনাস্থলে মৃত্যু হয় রেজাউল ইসলামের।

আহতদের মধ্যে চুয়াডাঙ্গা সদর উপজেলার চারজন ১। আনোয়ার হোসেন(৩৮) সাং- কোলনিপাড়া থানা- চুয়াডাঙ্গা সদর ২। সবুজ

হোসেন(৩৯) সাং- ভান্ডারদহ থানা- চুয়াডাঙ্গা সদর ৩। বিল্লাল হোসেন(৪০) সাং- ঠাকুরপর থানা- চুয়াডাঙ্গা সদর ৪। আব্দুল গফুর(৫০) সাং- ডিঙ্গেদহ বাজার

চারমাইল দুর্ঘটনায় স্থলে উপস্থিত প্রতক্ষ্যদোষী খালিদ হাসান বলেন চুয়াডাঙ্গা থেকে ছেড়ে আসা ঝিনাইদহমুখী একটি ট্রাক প্রথমে একটি ভূসি বোঝায় করা আলমসাধুতে এসে ধাক্কা দেয় তারপর আটোতে ধাক্কা মারে এবং শেষে সাইকেলে থাকা সাইকেল আরোহী নিহত রেজাউল এর উপর ধাক্কা দেয়। আমরা এলাকাবাসী সাইকেল আরোহী রেজাউল ও অনান্য আহতদের নিয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরি বিভাগে আনায়ন করি পরে হাসপাতালে নিয়ে এসে রেজাউল নামের ছেলেটিকে মৃত ঘোষণা করে এখানের ডাক্তার।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরি বিভাগে দায়িত্বরত চিকিৎসক মেডিকেল অফিসার খালিদ হাসান বলেন, বিকাল সাড়ে চারটার পরে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঁচজন রোগী আসে। পাঁচজনের মধ্যে এক জন হাসপাতালে নিয়ে আসার আগেই মারা যান এবং বাকিদের চারজনের মধ্যে সকলের অবস্থা খারাপ আমরা আহতদের চিকিৎসার প্রদান করে করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করিয়েছে।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহাব্বুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।সরোজগঞ্জ পুলিশ ক্যাম্পের উপ-পরিদর্শক (এসআই) হারুন অর রশিদ জানান, রোববার বিকালে একটি দ্রুত গতির পণ্যবাহি ট্রাক (ঢাকা মেট্রো জ -১১৭৫৯৮) চুয়াডাঙ্গা থেকে ঝিনাদহের দিকে যাচ্ছিল। চার মাইল বাজারে পৌঁছে দ্রুত গতিতে ওভারটেক করতে যেয়ে নিয়ন্ত্রন হারিয়ে কয়েকটি অটো রিকশা ও পাখি ভ্যানকে ধাক্কা দিলে আরোহীরা গুরুতর আহত হন। এর পর বাইসাইকেল চালক স্কুল ছাত্র রেজাউল ইসলাম কে ধাক্কা দিলে গুরুতর আহত হন। আহতদের উদ্ধার করে সদর হাসপাতালে নিলে জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক রেজাউল ইসলাম কে মৃত ঘোষণা করেন। এ ঘটনায় ট্রাক ও চালকের সহকারীকে আটক করে পুলিশ হেফাজতে রাখা হয়েছে। আটক – রোকন উদ্দিন (২৫) আলমডাঙ্গার শাহজাহান আলীর ছেলে।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহাব্বুর রহমান জানান, ঘটনার পর চালক ঘাতক ট্রাক চালক পলাতক রয়েছে। চালকের সহকারীকে আটক করা হয়েছে। নিহতের মরদেহ সদর হাসপাতালের মর্গে রাখা আছে। এ বিষয়ে পরবর্তী আইনানুগ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে বলে জানান এই অফিসার ইনচার্জ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সাংবাদিক এম এ হাসান সুমন রিক্সা যোগে বাড়ি যাওয়ার পথে প্রধান সড়কের মহিলা কলেজ মোড়ে পিছন থেকে একটি দ্রুতগামী মোটরসাইকেল রিকশাটিকে ধাক্কা দেয়। এতে সুমন রিকশা থেকে পড়ে যায় এবং রিকশাটি পরবর্তীতে তার পায়ে পড়লে সুমনের বামপায়ের রগ কেটে যায়। চিকিৎসক রাতেই তার পায়ে অস্ত্রোপচার করেছেন।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় আহত ১

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের বাঁশবাড়িয়া নামক স্থানে দাঁড়িয়ে থাকা বালি বোঝায় ড্রাম ট্রাকের পেছনে ধাক্কা লেগে এসবি পরিবহনের একটি বাসের সামনের অংশ দুমড়ে মুচড়ে গেছে। এঘটনায় এসবি পরিবহনের সুপারভাইজার আজমল আলী (৪০) এর পা ভেঙ্গে গেছে। বর্তমানে সে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

আহত আজমল আলী গাংনী উপজেলার শুকুরকান্দি গ্রামের আব্দুল খালেকের ছেলে ও এসবি পরিবহনের সুপারভাইজার।

আজ শুক্রবার (২৮ জুলাই) ভোর সাড়ে ৪টার দিকে গাংনী উপজেলায় বাঁশবাড়িয়া বাজারে এই ঘটনা ঘটে। বাসের যাত্রীরা জানিয়েছেন, বাসের চালক ঘুম ঘুম চোখে গাড়ি চালানোর ফলেই এই দূর্ঘটনাটি ঘটেছে।

প্রত্যক্ষদর্শি বাঁশবাড়িয়া গ্রামের মুনসুর আলী জানান, ফজরের নামাজ পড়ার জন্য বাড়ি থেকে বের হচ্ছিলাম। এসময় একটি বিকট শব্দ হয়। শব্দ শুনে বের হয়ে দেখি এসবি গাড়ি ট্র্যাকের সাথে ধাক্কা লেগে বাসের সামনের অংশ ভেঙ্গে গেছে। বাসের ভিতরে লোকজন চিৎকার করেছে। পরে পাড়ার লোকজন এসে সুপারভাইজার কে গাড়ির ভিতর থেকে বের করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নিয়ে যায়। সেখানে প্রাথমিক চিকিৎসা প্রদান করে। রোগীর অবস্থা অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক রোগীকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় আহত খালেক মারা গেছেন

দুর্ঘটনায় আহত আব্দুল একদিন পর চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। আব্দুল খালেক গাংনী উপজেলার ঢেপা গ্রামের পূর্বপাড়ার মৃত মহাম্মদ আলীর ছেলে।

গত বুধবার দিবাগত মধ্যরাতে রাজশাহী মেডিকেল কলেজ (রামেক) হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

এর আগে মঙ্গলবার (৪ জুলাই) সকাল ৯ টার দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের বারাদী নামক স্থানে বিপরীতগামী দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে আব্দুল খালেক মারাত্বক আহত হন। আহত খালেককে উদ্ধার করে প্রথমে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ও পরে সেখান থেকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করে। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম পারিবারিক সূত্রের বরাত দিয়ে এই তথ্য নিশ্চিত করেছেন।
রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে মর্গে নিহত আব্দুল খালেকের ময়না তদন্ত করে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করেছে বলে জানা গেছে।

চা খেয়ে ফেরার পথে বিপত্তি/দ্রুতগতির মোটরসাইকেলে প্রাণ গেলো দুই স্কুলছাত্রের

চুয়াডাঙ্গা থেকে চা খেয়ে ফেরার পথে দ্রুতগতির মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে জিসান আহমেদ (১৩) ও সামিউল ইসলাম বিজয় (১৪) নামের দুই স্কুলছাত্র নিহত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২৯ জুন) বিকাল ৩ টায় মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের

সদর উপজেলার নতুন দরবেশপুর গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত জিসান মেহেরপুর পৌর শহরের মল্লিক পাড়ার মৃত আশরাফুল ইসলামের ছেলে ও মেহেরপুর সরকারী উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্র ও সামিউল ইসলাম বিজয় মেহেরপুর শহরের কোর্টপাড়ার মৃত জিয়াউর রহমানের ছেলে।

মেহেরপুর সদর থানার এসআই সঞ্জিব কুমার জানান, তিনটা মোটরসাইকেলে ৬জন বন্ধু মেহেরপুর থেকে চুয়াডাঙ্গায় যায় চা খেতে। সেখানে চা খেয়ে দ্রুত গতিতে মেহেরপুর ফিরছিল। নতুন দরবেশপুর নামক স্থানে পৌঁছানের পর নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার কালভার্টের সাথে ধাক্কা লেগে রক্তাত্ব জখম হয় জিসানসহ তার তিন বন্ধু।

স্থানীয়দের সহায়তায় আহতদের ফায়ার সার্ভিস কর্মীরা মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে গেলে জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক জিসান ও সামিউল ইসলাম বিজয়কে মৃত ঘোষনা করেন।

মেহেরপুর জেনারেল হাসপাতালের চিকিৎসক শোভন মল্লিক বলেন, মোটরসাইকেল দূর্ঘটনায় আহত দুই ছাত্রের অবস্থা আশংকাজনক। তাদের উন্নত চিকিৎসার জন্য ঢাকায় রেফার্ড করা হয়েছে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো:সাইফুল ইসলাম বলেন, মোটরসাইকেল দুর্ঘটনায় নিহত হওয়ায় বিষয়ে পরবর্তীতে আইনগত ব্যাবস্থা নেওয়া হবে।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় বৃদ্ধ নিহত

ঈদের কেনাকাটা শেষে বাড়ি যাওয়ার সময় দ্রতগামী মাটি বহনকারি অবৈধ যান লাটাহাম্বার ধাক্কায় বৃদ্ধ আইয়ুব আলী(৮০) নিহত হয়েছেন।

নিহত আইয়ূব আলীর বাড়ি গাংনী উপজেলার গোপালনগরে।

আজ সোমবার (২৬ জুন) বেলা ১টার সময় গাংনী-হাটোয়ালীয়া রাস্তার

পুর্বমালশাদহ এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত আইয়ুব আলীর ছেলে তোহিদুল ইসলাম জানান, গাংনী শহরে ঈদের কেনাকাটা করে বাবা ও আমি মোটর সাইকেল যোগে বাড়ি ফিরছিলাম।

মালশাদহ নামক স্থানে পৌছানো মাত্রই একটি মাটি বহনকারি দ্রতগামী লাটাহাম্বার ধাক্কা দিলে বাবা রাস্তায় ছিটকে পড়ে আহত হন। আহতাবস্থায় তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক জানান, সড়ক দুর্ঘটনায় বৃদ্ধের নিহত হওয়ার ঘটনা শুনে ঘটনাস্থলে পুুলিশ পাঠানো হয়েছে। মাটিবহনকারি লাটা হাম্বাটিকে আটকের চেষ্টা চলছে।